

💵 কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হিসাব-নিকাশের প্রকৃতি

আল্লাহ আহকামুল হাকেমীন সেদিন কম-বেশি, ছোট-বড় সকল কাজ-কর্ম, কথা ও বিশ্বাস সম্পর্কে জিজ্ঞাসা করবেন।

আল্লাহ তা'আলা বলেন.

[ٱقاتَرَبَ لِلنَّاسِ حِسَابُهُما وَهُما فِي غَفالَةٍ مُّعارِضُونَ ١ ﴾ [الانبياء: ١ ﴿

"মানুষের হিসাব-নিকাশের সময় আসন্ন, অথচ তারা উদাসীনতায় মুখ ফিরিয়ে রয়েছে"। [সূরা আল-আম্বিয়া, আয়াত: ১]

আল্লাহ তা'আলা বলেন,

[إِنَّ إِلَيَّانَآ إِيَابَهُم ؟ ٥٢ ثُمَّ إِنَّ عَلَيَّانَا حِسَابَهُم ٢٦ ﴾ [الغاشية: ٢٥، ٢٦ ﴿

"নিশ্চয় আমারই নিকট তাদের প্রত্যাবর্তন। তারপর নিশ্চয় তাদের হিসাব-নিকাশ আমারই দায়িত্ব"। [সূরা আল-গাশিয়া, আয়াত: ২৫-২৬]

আল্লাহ তা'আলা বলেন,

فَلَنَسَالَكَ الَّذِينَ أُراسِلَ إِلَياهِمِ وَلَنَسَالُنَّ ٱلاَمُراسَلِينَ ٦ فَلَنَقُصَّنَّ عَلَياهِم بِعِلام وَمَا كُنَّا غَآئِبِينَ ٧﴾﴿
وَمَا كُنَّا غَآئِبِينَ ٧﴾﴿
[[الاعراف: ٦، ٧]

"সুতরাং আমরা অবশ্যই তাদেরকে জিজ্ঞাসাবাদ করব যাদের নিকট রাসূল প্রেরিত হয়েছিল এবং অবশ্যই আমি রাসূলদেরকে জিজ্ঞাসাবাদ করব। অতঃপর অবশ্যই আমি তাদের নিকট জেনে- শুনে বর্ণনা করব। আর আমি তো অনুপস্থিত ছিলাম না"। [সুরা আল–আরাফ, আয়াত: ৬-৭]

وُجُوها يَوا مَئِذٍ نَّاضِرَةٌ ٢٢ إِلَىٰ رَبِّهَا نَاظِرَة ١٣ وَوُجُوها يَوا مَئِذِ اَبْسِرَة ١٤ تَظُنُّ أَن يُفاعَلَ بِهَا فَاقِرَة ا ﴿ وُجُوها يَوا مَئِذِ السِرَة ١٤ تَظُنُّ أَن يُفاعَلَ بِهَا فَاقِرَة ا ﴿ وُجُوها يَوا مَئِذِ السِرَة اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ الله

"সেদিন কতক মুখমণ্ডল হবে হাস্যোজ্জল। তাদের রবের প্রতি দৃষ্টিনিক্ষেপকারী। আর সেদিন অনেক মুখমণ্ডল হবে বিবর্ণ-বিষন্ন। তারা ধারণা করবে যে, এক বিপর্যয় তাদের উপর আপতিত করা হবে"। [সূরা আল-কিয়ামাহ, আয়াত: ২২-২৫]

Source — https://www.hadithbd.com/books/link/?id=13521



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন